

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 আইন অধিশাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রভুতি কর্মসূচী (সিপিপি) এর সাথে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের বিগত ২৬-০৮-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ	জনাব আলী রেজা মজিদ অতিরিক্ত সচিব (সিপিপি) ও চীফ ইনোভেশন অফিসার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
তারিখঃ	২৬ আগস্ট ২০২০ খ্রি.
সময়ঃ	সকাল ১১.৩০ ঘটিকা
স্থানঃ	অতিরিক্ত সচিব (সিপিপি) এর অফিসকক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
উপস্থিতিঃ	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি ২০২০-২০২১ অর্থ বছরের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রভুতি কর্মসূচী (সিপিপি) হতে আগত কর্মকর্তাসহ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান।

সভাপতি বলেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বিধানমতে মন্ত্রণালয়ের সাথে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এর জন্য সভা করা প্রয়োজন। ২০২০-২০২১ অর্থবছরের ১ম সভার মাধ্যমে যেন দপ্তর সংস্থা বছরের শুরু হতেই তদীয় উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগী হয় সেজন্য সভাপতি সকলকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব মুনیرা সুলতানা, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন ও তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন।


অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রভুতি কর্মসূচী (সিপিপি) তাদের স্বীয় বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ যথাসময়ে প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করায় উভয় সংস্থার উপস্থিত প্রতিনিধিগণকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এধারা অব্যাহত রাখার জন্য সচেষ্ট থাকতে অনুরোধ করা হয়।
- ২। উভয় সংস্থা তাদের স্বীয় ওয়েবসাইটসমূহ হালনাগাদ করে ও প্রয়োজনীয় সকল হালনাগাদ তথ্যাবলী আপলোড করবে।
- ৩। উভয় সংস্থাকে তাদের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে বছরের প্রথম থেকেই উদ্যোগী হওয়ার জন্য বলা হয়।

৪। মন্ত্রণালয়ের বাজেট হতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রত্নুতি কর্মসূচী (সিপিপি) এর জন্য উত্তাবন কোডে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপসচিব (বাজেট) কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। মন্ত্রণালয়ের ইনোভেশন টীমের সকল সদস্যকে অধিদপ্তর ও সিপিপি এর বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করতে অনুরোধ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আলী রেজা মজিদ)

অতিরিক্ত সচিব (সিপিপি)

ও

চীফ ইনোভেশন অফিসার


দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নং: ৫১.০০.০০০০.১২০.০৪.০০৯.১৯- ২০৭

তারিখ: ২৭-০৮-২০২০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (ক্ষেত্রান্তর ক্রমানুসারে নয়)

- ১। জনাব এস এম এনামুল কবির, পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২। জনাব মোমেনা খাতুন, যুগ্মসচিব (দুব্য-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৩। জনাব মো: হাবিবুর রহমান, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪। জনাব আব্দুল্লাহ আল আরিফ, উপসচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫। জনাব মোহাম্মদ হান্নুন অর রশিদ, উপপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬। জনাব অলিদ বিন আসাদ, সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৭। জনাব মেসপাউর রশিদ, সহকারি পরিচালক, সিপিপি
- ৮। অতিরিক্ত সচিব (সিপিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়



মুনিরা সুজনী

উপসচিব (আইন)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়